

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বদলগাছী, নওগাঁ।
www.badalgachi.naogaon.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৬৪০৬.০০০.০০৬.০২২.২৩- ৩৬

তারিখঃ ০৩ মাঘ ১৪২৯
১৭ জানুয়ারি ২০২৩

বদলগাছী উপজেলার ২০ (কুড়ি) একর পর্যন্ত সরকারি বন্ধ জলমহালসমূহের ইজারা বিজ্ঞপ্তি :


এতদ্বারা বদলগাছী উপজেলার নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি ও যুব মৎস্যজীবীদের নিবন্ধিত সমিতির ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ ও ২০১২ (সংশোধিত) এবং সায়রাত-১ অধিশাখা, ভূমি মন্ত্রণালয়ে ১৮/১২/২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-২) ৪৮ নং প্রজ্ঞাপন এর আলোকে বদলগাছী উপজেলাধীন ২০ (বিশ) একর পর্যন্ত সরকারি বন্ধ জলমহালসমূহ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ১৪৩০ বঙ্গাব্দের ০১ বৈশাখ হতে ১৪৩২ বঙ্গাব্দের ৩ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি ও যুব মৎস্যজীবীদের নিবন্ধিত সমিতির নিকট থেকে পৃথক পৃথক সীলমোহরকৃত খাচা নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। আবেদন ফরমের মূল্য বাবদ নগদ ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র (অফেরতযোগ্য) জমা প্রদান সাপেক্ষে প্রয়োজনীয় শর্তাবলীসহ আবেদন ফরম অফিস চলাকালীন সময়ে রাজস্ব শাখা, জেলা প্রশাসক, নওগাঁ মহোদয়ের কার্যালয়ে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে, বদলগাছী, নওগাঁ ও উপজেলা ভূমি অফিস, বদলগাছী নওগাঁ হতে সংগ্রহ করা যাবে। অন্যান্য তথ্যাদি ও জলমহালসমূহের তালিকা জেলা প্রশাসক, নওগাঁ মহোদয়ের কার্যালয়ে, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়/নোটিশ বোর্ড ও ওয়েবসাইট এর উপজেলা ভূমি অফিস, বদলগাছী, নওগাঁর কার্যালয়/নোটিশ বোর্ড হতে জানা যাবে।

সংগৃহীত আবেদন ফরম পূরণ করত : অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ নিম্নোক্ত ক্যালেন্ডার অনুযায়ী: অনলাইনে আগামী ০৯ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ হতে ১৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের মধ্যে আবেদন দাখিল করতে হবে। অনলাইনে আবেদন দাখিল করার জন্য যেকোন ব্রাউজারে jm.lams.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে অগ্রহী সমিতির পত্রে সভাপতি/সাধারণ সম্পাদক-কে তার জাতীয় পরিচয়পত্র এবং মোবাইল নম্বর দিয়ে অনলাইন নিবন্ধন সম্পন্ন করতে হবে। পরবর্তীতে প্রয়োজনীয় সকল কাগজপত্রের স্ক্যান কপি সংযুক্ত করে অনলাইনে আবেদন দাখিল সম্পন্ন করে আবেদনের প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে রাজস্ব শাখা, জেলা প্রশাসক, নওগাঁ মহোদয়ের কার্যালয়ে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে, বদলগাছী, নওগাঁ ও সহকারী কমিশনার (ভূমি), বদলগাছী, নওগাঁ এর কার্যালয়ে জমা প্রদান করা যাবে।

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত বন্ধ জলমহাল ব্যবস্থাপনার সময়সূচি :

ক্রমিক নং	তারিখ	গৃহীত কার্যক্রম	মন্তব্য
১.	(০১ মাঘ থেকে ০৫ মাঘের মধ্যে) ১৫ জানুয়ারি/২৩ থেকে ১৯ জানুয়ারি/২৩ পর্যন্ত	ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ ও আবেদন ফরম বিক্রয়	০৯ হতে ১৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে সকাল ১০.০০ টা হতে দুপুর ০১.০০ টা পর্যন্ত অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে রাজস্ব শাখা, জেলা প্রশাসক, নওগাঁ মহোদয়ের কার্যালয়ে, সহকারী কমিশনার (ভূমি), বদলগাছী, নওগাঁ ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করা যাবে। দাখিলকৃত আবেদনসমূহ ১৪-০২-২০২৩ তারিখ বিকাল ৩.০০ টায় উপস্থিত আবেদনকারীদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) খোলা হবে।
২.	(০৬ মাঘ থেকে ২৫ মাঘের মধ্যে) ২০ জানুয়ারি/২৩ থেকে ০৮ ফেব্রুয়ারি/২৩ পর্যন্ত	অনলাইনে ইজারার আবেদন দাখিল।	
৩.	(২৬ মাঘ থেকে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে) ০৯ ফেব্রুয়ারি/২৩ হতে ১৩ ফেব্রুয়ারি/২৩ পর্যন্ত	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে রাজস্ব শাখা, জেলা প্রশাসক, নওগাঁ মহোদয়ের কার্যালয়ে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে, বদলগাছী, নওগাঁ/সহকারী কমিশনার (ভূমি), বদলগাছী, নওগাঁ এর কার্যালয়ে দাখিল।	
৪.	(০৬ ফাল্গুনের মধ্যে) ১৯ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি: এর মধ্যে	১৪-০২-২০২৩ তারিখে অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই করা হবে।	
৫.	(১৫ ফাল্গুনের মধ্যে) ২৮ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি: এর মধ্যে	২৩-০২-২০২৩ তারিখে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন করা হবে।	
৬.	(২৯ ফাল্গুনের মধ্যে) ১৪ মার্চ ২০২৩ এর মধ্যে	প্রয়োজ্য ক্ষেত্রে ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন।	
৭.	(০৭ চৈত্রের মধ্যে) ২১ মার্চ ২০২৩ খ্রি: এর মধ্যে	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ।	
৮.	(২৩ চৈত্রের মধ্যে) ০৬ এপ্রিল ২০২৩ খ্রি: এর মধ্যে	ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত ক্ষেত্রে ইজারামূল্য জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন।	
৯.	(১ বৈশাখ) ১৪ এপ্রিল ২০২৩ খ্রি: এর মধ্যে	ইজারা গ্রহীতাকে জলমহালের দখল হস্তান্তর দেয়া।	

অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত যেকোন সমস্যায় ১৬১২২ এই নম্বরে কল করার জন্য/নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।


মোঃ আলপনা ইয়াসমিন
উপজেলা নির্বাহী অফিসার
বদলগাছী, নওগাঁ।

ও

আহবায়ক

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি